# শরণার্থী দাবিদারদের জন্য তথ্য

## ১. সাধারণ জ্ঞাতব্য:

কানাডা সরকারের যেসকল বিভাগসমূহ শরণার্থী দাবিসমূহ পরিচালনা করে সেগুলো হল:

- **ইমিগ্রেশন, রিফিউজিস এ্যান্ড সিটিজেনশিপ কানাডা (IRCC)** (www.cic.gc.ca): IRCC নির্ধারণ করে যে কানাডার অভ্যন্তরে করা শরণার্থীর দাবি কানাডার ইমিগ্রেশন অ্যান্ড রিফিউজি বোর্ড (IRB)-এ পাঠানোর যোগ্য কিনা।
- **কানাডা বর্ডার সার্ভিসেস এ্যাজেন্সী (CBSA** (www.cbsa-asfc.gc.ca): CBSA নির্ধারণ করে যে কানাডার প্রবেশের বন্দরে (অর্থাৎ বিমানবন্দর, স্থল সীমান্ত অতিক্রমের স্থান বা সামুদ্রিক বন্দর) অথবা অভ্যন্তরীণ প্রয়োগকারী কার্যালয়ে করা শরণার্থী দাবি IRB-তে অর্পণ করার যোগ্য কিনা।
- **ইমিগ্রেশন এ্যান্ড রিফিউজি বোর্ড অফ কানাডা (IRB** (www.irb-cisr.gc.ca): IRB একটি স্বতন্ত্র সংস্থা যা অভিবাসন এবং শরণার্থীদের সিদ্ধান্ত নেওয়ার জন্য দায়ী।

## ২. আপনার শরণার্থী দাবি জমা দেওয়া

আপনি শরণার্থী সুরক্ষা দাবি করতে পারেন:

ব্যক্তিগতভাবে CBSA অফিসারের কাছে যখন আপনি প্রবেশের বন্দরে পৌঁছান;

### অথবা

আপনি যদি ইতিমধ্যেই কানাডার ভিতরে থাকেন, অনলাইনে কানাডিয়ান শরণার্থী সুরক্ষা পোর্টাল (Canadian Refugee Protection Portal) (CRPP)-এর মাধ্যমে।

যদি একজন অফিসার তাৎক্ষণিকভাবে সিদ্ধান্ত নিতে না পারেন যে আপনি যোগ্য কিনা, তারা আপনাকে একটি **দাবির স্বীকৃতি** (Acknowledgement of Claim) প্রদান করবেন। এটি একটি অস্থায়ী দলিল যা

- নিশ্চিত করে যে আপনি শরণার্থী দাবি করেছেন
- দেখায় যে আপনি অন্তর্বর্তী কেন্দ্রীয় স্বাস্থ্য কার্যক্রমের (Interim Federal Health Program) আওতায় অন্তর্ভুক্ত আছেন এবং
- সামাজিক পরিষেবার জন্য আবেদন করলে সাহায্য করতে পারে

একবার আমরা আপনার দাবির যোগ্যতার বিষয়ে সিদ্ধান্ত নিলে, আপনাকে একটি শরণার্থী সুরক্ষা দাবিদার নথি (Refugee Protection Claimant Document) (RPCD**)** প্রদান করব।

RPCD কানাডায় শরণার্থী দাবিদার হিসাবে আপনার দাবির স্বীকৃতিকে আপনার প্রাথমিক পরিচয়পত্র হিসাবে প্রতিস্থাপন করে। RPCD

- দেখায় যে আপনার দাবি IRB-এর কাছে পাঠানো হয়েছে
- আপনাকে পরিষেবা পেতে সাহায্য করতে পারে এবং
- দেখায় যে আপনি অন্তর্বর্তী কেন্দ্রীয় স্বাস্থ্য কার্যক্রমের আওতা অন্তর্ভুক্ত আছেন

### দয়া করে লক্ষ্য করুন:

- **আপনি যদি CRPP-এর মাধ্যমে অনলাইনে আপনার দাবি করেন,** তাহলে আপনার বায়োমেট্রিক্স (আঙ্গুলের ছাপ) সংগ্রহের সাক্ষাৎ সময়সূচি নির্ধারন করার জন্য IRCC আপনার সাথে যোগাযোগ করবে। এছাড়াও আপনাকে অবশ্যই একটি যোগ্যতা সাক্ষাৎকারে উপস্থিত থাকতে হবে।
- **আপনি যদি প্রবেশ বন্দরে আপনার দাবি করেন,** তাহলে আপনাকে একটি দাবির ভিত্তি (Basis of Claim) ফর্ম পূরণ করতে হবে। আপনাকে এই ফর্মটি মেইল করার নির্দেশ দেওয়া হতে পারে, অথবা আপনি এটি CRPP-তে আপলোড করতে পারেন (আরও তথ্যের জন্য, অনুচ্ছেদ ১১ দেখুন)। CBSA পরবর্তী যেকোনো অতিরিক্ত পদক্ষেপ সম্পর্কেও আপনাকে অবহিত করবে।
- **যদি আপনার দাবি যোগ্য বলে প্রমাণিত হয়,** তাহলে আপনাকে IRB-এর শরণার্থী সুরক্ষা বিভাগ (Refugee Protection Division)-এ শুনানিতে যোগ দিতে হবে। শুনানির তারিখ এবং অবস্থান সম্পর্কে অবহিত করার জন্য IRB পরবর্তীতে আপনার সাথে যোগাযোগ করবে।
- যদি আপনার দাবি অযোগ্য বলে প্রমাণিত হয়, বা IRB -এ দাবি প্রত্যাখ্যান করা হয়, তাহলে আপনাকে কানাডা হতে সরিয়ে না নেওয়া পর্যন্ত আপনি অন্তর্বর্তী কেন্দ্রীয় স্বাস্থ্য কার্যক্রম এবং প্রাদেশিক পরিষেবাগুলির জন্য যোগ্য হতে পারেন।
- দয়া করে নিশ্চিত করুন যে কানাডিয়ান শরণার্থী সুরক্ষা পোর্টালে আপনি যে যোগাযোগের বিবরণ (আপনার ঠিকানা, ফোন নম্বর এবং ইমেল ঠিকানা সহ) দিয়েছেন তা সঠিক।
- যদি আপনার যোগাযোগের তথ্যের পরিবর্তন হয়, তাহলে অনুগ্রহপূর্বক https://secure.cic.gc.ca/enquiries-renseignements/ canada-case-cas-eng.aspx -এ গিে "Change of Contact Information."বেছে নিয়ে এটি অনলাইনে হালনাগাদ করুন।

## ৩. অন্তর্বর্তী কেন্দ্রীয় স্বাস্থ্য কার্যক্রম

অন্তর্বর্তী কেন্দ্রীয় স্বাস্থ্য কার্যক্রম (IFHP) -এর অধীনে, কানাডা সরকার কিছু স্বাস্থ্যসেবা পরিষেবাসমূহ বা পণ্যের খরচ বহন করে। আপনার **দাবির স্বীকৃতি** বা **শরণার্থী সুরক্ষা দাবিদার নথি** ইঙ্গিত করে যে আপনি IFHP পাওয়ার যোগ্য কিনা।

**IFHP-এর সাথে নিবন্ধিত** যেকোনো স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে সমস্ত যোগ্য দাবিদারগণ স্বাস্থ্যসেবা পরিষেবাসমূহ এবং পণ্য কানাডার যেকোনো জায়গায় পাবেন। নিবন্ধিত সেবা প্রদানকারীদের একটি তালিকা অনলাইনে www.ifhp-pfsi.ca -তে উপলব্ধ।

কোনো পরিষেবা নেওয়ার আগে আপনাকে নিশ্চিত করতে হবে যে স্বাস্থ্যসেবা প্রদানকারী IFHP-র সঙ্গে নিবন্ধিত। প্রতিটি ভিজিট-এ আপনাকে বৈধ **দাবির স্বীকৃতি** বা **শরণার্থী সুরক্ষা দাবিদার নথি** অবশ্যই আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে উপস্থাপন করতে হবে।

IFHP সম্পর্কে আরও তথ্যের জন্য, এবং কি কি পণ্য ও পরিষেবাসমূহ আওতাভুক্ত, তা জানতে www.canada.ca/ifhpবা www.ifhp-pfsi.ca লিঙ্ক-এ যান।

IRCC-3302-04-2022_Ben Ci44-25/2021Ben-PDF 978-0-660-42876-5

## ৪. অভিবাসন মেডিকেল পরীক্ষা

শরণার্থী দাবিদার হিসাবে, আপনাকে অবশ্যই একটি **বাধ্যতামূলক মেডিকেল পরীক্ষা** করতে হবে। এটির খরচ IFHP দ্বারা প্রদান করা হয়।

শুধুমাত্র বিশেষ কিছু ডাক্তার এই মেডিকেল পরীক্ষা করতে পারে। প্রতিটি প্রদেশ বা অঞ্চলে IRCC- এর পক্ষ থেকে এই পরীক্ষাগুলি করে এমন ডাক্তারদের একটি তালিকা এবং নির্দেশাবলীর একটি লিঙ্ক IMM 1017 মেডিকেল রিপোর্ট (Medical Report) ফর্মে দেওয়া আছে।

কোন মেডিকেল পরীক্ষার অ্যাপয়েন্টমেন্ট করার জন্য তালিকা হতে যেকোন একজন ডাক্তারের সাথে যোগাযোগ করুন। অ্যাপয়েন্টমেন্টে আপনাকে অবশ্যই নিম্নলিখিত নথিগুলি আনতে হবে:

- IMM 1017 মেডিকেল রিপোর্ট ফর্ম এবং
- আপনার **দাবির স্বীকৃতি** বা **শরণার্থী সুরক্ষা দাবিদার নথি**

## ৫. কাজের অনুমতি এবং সামাজিক বীমা নম্বর

কানাডায় বৈধভাবে কাজ করার জন্য, আপনার অবশ্যই একটি **কাজের অনুমতি** এবং একটি **সামাজিক বীমা নম্বর** (Social Insurance Number) থাকতে হবে।

আপনি যেকোন নিয়োগকর্তার হয়ে কাজ করার জন্য বিনা-ফি কাজের অনুমতির আবেদন করতে পারেন। এটির বৈধতার সময়কাল কাজের অনুমতিতে নির্দিষ্ট করা থাকবে।

IRCC কাজের অনুমতি ইস্যু করার পূর্বে নিম্নলিখিত পদক্ষেপগুলি অবশ্যই সম্পূর্ণ হতে হবে:

- আপনার দাবির যোগ্যতার বিষয়ে সিদ্ধান্ত থাকতে হবে
- আপনার অভিবাসন মেডিকেল পরীক্ষা সম্পন্ন এবং পাস করা থাকতে হবে এবং
- বায়োমেট্রিক্স (আঙ্গুলের ছাপ এবং ছবি) অবশ্যই নিতে হবে (অধ্যায় ৮ দেখুন

আপনি আপনার অভিবাসন মেডিকেল পরীক্ষা সম্পন্ন করেছেন তার প্রমাণ হল "IME" নম্বর, অথবা eMedical ইনফো শিট (তথ্যপত্র) -এর একটি অনুলিপি (এটি যে ডাক্তার পরীক্ষা করেছেন তার থেকে অনুরোধ করে নেয়া যেতে পারে (অধ্যায় ৪ দেখুন))।

যদি আপনি শরণার্থী দাবিগ্রহণ প্রক্রিয়ার সময় কাজের অনুমতির জন্য আবেদন না করেন, আপনি পরে আবেদন ফর্ম www.cic.gc.ca -তে পেতে পারেন।

যখন আপনি কাজের অনুমতি পাবেন, তখন আপনাকে অবশ্যই একটি **সামাজিক বীমা নম্বরের** জন্য আবেদন করতে হবে। আপনি এটি অনলাইন, মেইল বা ব্যক্তিগতভাবে যে কোন Service Canada Centre-এ করতে পারেন। আবেদন প্রক্রিয়া সম্পর্কিত তথ্য https://www.canada.ca/en/employment-social-development/services/sin.html লিঙ্ক-এ পাবেন। স্থানীয় Service Canada Centre খুঁজে পেতে 1 800 O-Canada (1-800-622-6232)–এ ফোন করুন।

## ৬. অধ্যয়নের অনুমতিসমূহ

১৮ বছরের কম বয়সী যদি কেউ শরণার্থীর দাবি করে থাকেন, অথবা যিনি শরণার্থী দাবিদারের নির্ভরশীল সন্তান, তিনি **অধ্যয়নের অনুমতি ছাড়াই** প্রাক-বিদ্যালয়, প্রাথমিক বা মাধ্যমিক স্তরে (১২ গ্রেড পর্যন্ত) পড়াশোনা করতে পারেন। স্কুলে নিবন্ধনের জন্য সন্তানের **দাবির স্বীকৃতি** বা **শরণার্থী সুরক্ষা দাবিদার নথি** প্রয়োজন।

মাধ্যমিক-পরবর্তী স্তরে (কলেজ বা বিশ্ববিদ্যালয়) পড়াশোনা করতে ইচ্ছুক এমন সব দাবিদারদের জন্য **অধ্যয়নের অনুমতি প্রয়োজন**। কানাডায় আইনত পড়াশোনা করার জন্য, এবং অধ্যয়নের অনুমতি জারি হওয়ার আগে, একটি অভিবাসন মেডিকেল পরীক্ষা সম্পন্ন এবং পাস করতে হবে।

অধ্যয়নের অনুমতির আবেদনপত্র www.cic.gc.ca -তে পাওয়া যায়। শরণার্থী দাবিদারদের অধ্যয়নের অনুমতির আবেদন করার জন্য কোন ফি নেই।

অধ্যয়নের অনুমতির আবেদনের জন্য নিম্নলিখিত নথিগুলি প্রয়োজন:

- **দাবির স্বীকৃতি** বা **শরণার্থী সুরক্ষা দাবিদার নথির** অনুলিপি (অধ্যায় ২ দেখুন
- একটি মনোনীত শিক্ষা প্রতিষ্ঠান থেকে স্বীকৃতি চিঠি
- ক্যুবেক প্রদেশে পড়াশোনা করার জন্য, মিনিস্টার ডি ল 'ইমিগ্রেশন এট ডেস কমিউনটি কালচারেলস (Ministère de l'Immigration et des Communautés culturelles) কর্তৃক জারি করা সার্টিফিকেট' অ্যাকসেপ্টেশন ডু কুইবেক (Certificat d'acceptation du Québec) (CAQ) বাধ্যতামূলক। কিভাবে CAQ পেতে হয় সে সম্পর্কে আরও তথ্যের জন্য, দেখুন: https://www.immigration-quebec.gouv.qc.ca/en/immigrate-settle/students/.

## ৭. পরামর্শের অধিকার

শরণার্থী দাবিদার হিসাবে, শরণার্থী দাবি প্রক্রিয়ার সময়, **নিজের খরচে** পরামর্শদাতা (একজন আইনজীবী বা অন্যান্য পেশাগত প্রতিনিধি) দ্বারা প্রতিনিধিত্ব করাবার অধিকার আপনার রয়েছে, **এই ব্যতীরেকে** যে প্রবেশ বন্দরে প্রাথমিক প্রবেশের সময় সবসময় নয়। আপনি যদি পরামর্শের জন্য অর্থ প্রদান করতে না পারেন, তাহলে আপনি একটি প্রাদেশিক বা আঞ্চলিক আইনি সহায়তা অফিসে সাহায্যের জন্য আবেদন করতে পারেন।

কানাডা সরকার প্রত্যেকের সাথে সমান আচরণ করে, তারা পরামর্শদাতা পরিষেবা ব্যবহার করুক বা না করুক। আপনি যদি পরামর্শদাতা নিয়োগ করার সিধান্ত নেন, আপনার আবেদনটিকে কোন বিশেষ বিবেচনা দেওয়া **হবে না**।

প্রতিনিধি নিয়োগের তথ্য: www.cic.gc.ca/english/information/representative/index.asp.

**দ্রষ্টব্য:** প্রাদেশিক এবং আঞ্চলিক আইনি সহায়তা সেবার সাথে পরামর্শ করতে স্থানীয় টেলিফোন ডিরেক্টরি চেক করুন অথবা এই লিঙ্কটি ব্যবহার করুন: https:// www.justice.gc.ca/eng/fund-fina/gov-gouv/aid-aide.html.

# ৮. বায়োমেট্রিক্স (আঙ্গুলের ছাপ এবং ছবি)

আপনি যদি ইতিমধ্যে কানাডায় থাকেন এবং আপনি CRPP -এর মাধ্যমে অনলাইনে শরণার্থী দাবি জমা দেন, তাহলে আপনাকে নিম্নলিখিত পদক্ষেপগুলি নিতে বলা হবে

- আপনার বায়োমেট্রিক্স সংগ্রহের জন্য যেকোন IRCC অফিসে যেতে
- আপনার পরিচয়ের প্রমাণ এবং অন্যান্য সমস্ত প্রাসঙ্গিক নথিপত্র জমা দিতে, এবং
- একটি নির্ধারিত যোগ্যতা সাক্ষাৎকারের জন্য ফিরে আসতে

আপনি যদি প্রবেশের বন্দরে আপনার দাবি করেন, তাহলে একজন CBSA কর্মকর্তা আপনার বায়োমেট্রিক্স গ্রহণ করবেন এবং পরিচয়ের প্রমাণ এবং অন্যান্য প্রাসঙ্গিক নথিপত্র সংগ্রহ করবেন। আপনি হয় সেখানে যোগ্যতার সাক্ষাৎকারটি সম্পন্ন করবেন, অথবা অফিসার আপনাকে কানাডায় প্রবেশের অনুমতি দিতে পারেন এবং পরবর্তীতে পরীক্ষার জন্য একটি CBSA অফিসে ফিরে যাওয়ার তারিখ এবং সময় নির্ধারণ করে দিতে পারেন ।

# ৯. কানাডায় যোগ্যতার সাক্ষাৎকার অথবা প্রবেশের বন্দরে পরীক্ষা প্রক্রিয়া

যোগ্যতা সাক্ষাৎকার বা পরীক্ষায় একজন অফিসার

- আপনার দাবি IRB -এর কাছে পাঠানোর যোগ্য কিনা তা নির্ধারণ করবেন
- আপনাকে একটি RPCD সরবরাহ করবেন (অধ্যায় ২ দেখুন
- একটি অপসারণ আদেশ জারি করবেন:
  - **যদি আপনার দাবি যোগ্য হয়** IRB -র কাছে পাঠানোর জন্য, তাহলে IRB কর্তৃক সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত অপসারণ আদেশ **শর্তাধীন** (অর্থাৎ বলবৎ নয়) **হবে**।
  - **যদি আপনার দাবি যোগ্য না হয়** (অযোগ্য), তাহলে অপসারণ আদেশ **বলবৎ থাকবে**।
  - অপসারণ আদেশ সম্পর্কে আরও জানতে, অধ্যায় ১২ দেখুন।
- আপনাকে IRB প্রক্রিয়া সম্পর্কে একটি তথ্য প্যাকেজ প্রদান করবেন।

# ১০. যোগাযোগের তথ্য

**সমস্ত দাবিদারকে অবশ্যই ঠিকানা বা যোগাযোগের তথ্যের কোন পরিবর্তন হলে IRCC -কে অবহিত করতে হবে।** সমস্ত হালনাগাদ অনলাইনে [https://secure.cic.gc.ca/enquiries-renseignements/canada-case-cas-eng.aspx](https://secure.cic.gc.ca/enquiries-renseignements/canada-case-cas-eng.aspx) -এ "Change of Contact Information" বেছে নিয়ে সম্পন্ন করা যাব।

# ১১. অভিবাসন ও শরণার্থী বোর্ড দাবিদার কিট

সমস্ত যোগ্য দাবিদারদেরকে একটি IRB দাবিদার কিট দেওয়া হয়। এই কিট-এ গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে যে কিভাবে

- দাবির ভিত্তি ফর্ম পূরন করতে হবে
- হাজির হওয়ার বিজ্ঞপ্তি বুঝতে হবে
- IRB -তে শুনানির জন্য প্রস্তুতি নিতে হবে

এই কিট-এ নিম্নলিখিত নথিসমুহ অন্তর্ভুক্ত:

***দাবির ভিত্তি ফর্ম (Basis of Claim form)***

**এই নথি সকল দাবিদারদের জন্য বাধ্যতামূলক। প্রত্যেকের অবশ্যই নিজস্ব দাবির ভিত্তি ফর্ম থাকতে হবে।**

আপনি যদি প্রবেশের বন্দরে শরণার্থী দাবি করেন, আপনাকে অবশ্যই দাবির ভিত্তি ফর্মটি পূরণ করতে হবে এবং ১৫ দিনের মধ্যে এটি সরাসরি IRB-তে পাঠাতে হবে। যদি ১৫ দিনের মধ্যে পূরনকৃত দাবির ভিত্তি ফর্মটি IRB না পায়, তাহলে IRB ঘোষণা করতে পারে যে আপনার দাবি পরিত্যক্ত হয়েছে।

আপনি যদি CRPP -এর মাধ্যমে অনলাইনে আপনার দাবি দাখিল করেন, তাহলে দাবির ভিত্তি ফর্ম অবশ্যই একটি সমর্থনকারী নথি হিসেবে আপলোড করতে হবে।

**দ্রষ্টব্য:** দাবিদারের দায়িত্ব এটি নিশ্চিত করা যে তার উপদেষ্টা/পরামর্শদাতা যেন সময়মতো IRB -র নিকট দাবির ভিত্তি জমা দেন।

### দাবিদারের গাইড *(Claimant's Guide)*

দাবিদারের গাইড IRB শরণার্থী সুরক্ষা বিভাগের প্রক্রিয়া ব্যাখ্যা করে এবং এটি এই লিঙ্ক-এ পাওয়া যাবে [https://irb.gc.ca/en/refugee-claims/Pages/ClaDemGuide.aspx](https://irb.gc.ca/en/refugee-claims/Pages/ClaDemGuide.aspx)।

### *আপনার হাজির হওয়ার বিজ্ঞপ্তি (Notice to appear) সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলী*

এই নির্দেশাবলীতে শুনানির জন্য আপনার হাজির হওয়ার এবং অতিরিক্ত শরণার্থী দাবি প্রক্রিয়াকরণ সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে।

### *প্রাদেশিক এবং আঞ্চলিক আইনি সহায়তার যোগাযোগের তথ্য*

আপনি যদি আইনি পরামর্শের জন্য ফি প্রদান করতে না পারেন, তাহলে আপনি আইনি সহায়তার জন্য যোগ্য হতে পারেন।

### *পরামর্শদাতার যোগাযোগের তথ্য ফর্ম (IRB/CISR 687):*

যদি দাবিদার পরামর্শদাতা (আইনজীবী বা পরামর্শদাতা যিনি উপযুক্ত নিয়ন্ত্রক সংস্থার ভালো অবস্থানে রয়েছেন) নিয়োগ করেন, তাহলে পরামর্শদাতার যোগাযোগের তথ্য ফর্মটি (Counsel Contact Information form) অবশ্যই সেই আইনজীবীর দ্বারা পূরণ করে IRB -তে জমা দিতে হবে: ([https://irb-cisr.gc.ca/en/forms/Documents/IrbCisr10102_e.pdf](https://irb-cisr.gc.ca/en/forms/Documents/IrbCisr10102_e.pdf))।

একই নিয়ম প্রযোজ্য হয় যদি আইনি পরামর্শের ফি প্রাদেশিক বা আঞ্চলিক আইনি সহায়তা পরিষেবা দ্বারা প্রদান করা হয়।

একজন দাবিদার যতবার তার পরামর্শদাতা পরিবর্তন করবেন ততবার নতুন একটি পরামর্শদাতার যোগাযোগের তথ্য ফর্ম পূরণ করে IRB -তে জমা দিতে হবে।

***ফি ছাড়া প্রতিনিধিত্বের বিজ্ঞপ্তি ফর্ম ( IRB/CISR 692)***

যদি আপনার পরামর্শদাতা বিনা ফি তে আপনার প্রতিনিধিত্ব করেন, তাহলে তাকে অবশ্যই ফি ছাড়া প্রতিনিধিত্বের বিজ্ঞপ্তি ফর্ম (Notice of Representation without a Fee form) পূরণ করে IRB -তে জমা দিতে হবে।

যদি আপনি পরামর্শদাতা বজায় রাখেন, কিন্তু IRB যদি **IRB/CISR 687** বা **IRB/CISR 692** ফর্ম না পায়, তাহলে আপনার পরামর্শদাতা আপনার পক্ষে IRB -এর সামনে কাজ করার অনুমতি নাও পেতে পারেন।

# ১২. অপসারণ আদেশসমূহ

সাধারণত, বেশিরভাগ শরণার্থী দাবিদারদের তাদের যোগ্যতার সিদ্ধান্তের সময় অপসারণের আদেশ জারি করা হয়। যদি আপনার বিরুদ্ধে অপসারণের আদেশ জারি করা হয়, তাহলে আপনাকে এর একটি অনুলিপি দেওয়া হবে।

যদি আপনি শরণার্থী সুরক্ষা বিভাগে পাঠানোর যোগ্য হওয়ার জন্য দৃঢ়প্রতিজ্ঞ হন, তাহলে আপনার দাবির বিষয়ে সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত আপনি কানাডায় থাকতে পারেন। যদি আপনার দাবি শরণার্থী সুরক্ষা বিভাগ দ্বারা গৃহীত হয়, তাহলে আপনার অপসারণ আদেশ কার্যকর করা যাবে না এবং আপনি স্থায়ী বসবাসের জন্য আবেদন করতে পারবেন।

যদি আপনাকে অযোগ্য পাওয়া যায়, তাহলে আপনার দাবি পরিত্যাগ বা প্রত্যাহার করা হবে, অথবা যদি শরণার্থী সুরক্ষা বিভাগ আপনার দাবি প্রত্যাখ্যান করে তাহলে আপনার অপসারণ আদেশ কার্যকর হবে।

যদি আপনার জন্য প্রস্থান আদেশ জারি করা হয়, তাহলে প্রস্থান আদেশ কার্যকর হওয়ার পরে আপনাকে পরামর্শ দেওয়া হবে এবং আপনাকে অবশ্যই ৩০ দিনের মধ্যে কানাডা ত্যাগ করতে হবে। কানাডা ছাড়ার আগে, আপনাকে অবশ্যই CBSA অফিসকে অবহিত করতে হবে যাতে তারা আপনার প্রস্থান নিশ্চিত করার ব্যবস্থা করতে পারে। যদি আপনি ৩০ দিনের মধ্যে কানাডা না ছাড়েন, অথবা আপনার প্রস্থান নিশ্চিত করার জন্য CBSA -এর সাথে ব্যবস্থা না করেন, তাহলে প্রস্থান আদেশ স্বয়ংক্রিয়ভাবে একটি **নির্বাসন আদেশে** পরিণত হবে।

# ১৩. কোভিড-19 তথ্য

কোভিড-19 কীভাবে IRCC প্রক্রিয়াগুলিকে প্রভাবিত করছে সে সম্পর্কে তথ্যের জন্য, অনুগ্রহ করে https://www.canada.ca/en/immigration-refugees-citizenship/ services/coronavirus-covid19.html লিঙ্ক-এ যান।

এই সময়ে কীভাবে নিরাপদ থাকা যায় সে সম্পর্কে তথ্যের জন্য অনুগ্রহ করে কোভিড -19 -এর ওপর কানাডার জনস্বাস্থ্য সংস্থার ওয়েবসাইট (Public Health Agency of Canada) দেখুন। কোভিড-19 বুঝতে আপনাকে সাহায্য করার জন্য এই ওয়েবসাইটে একাধিক ভাষায় তথ্য রয়েছে।